



আসিফ মাহমুদ ঢাকা-১০ আসনের ভোটার হতে যাচ্ছেন



সংগৃহীত ছবি

স্থানীয় সরকার উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া ঢাকায় ভোটার হওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছেন। রোববার (৯ নভেম্বর) বিকেল ৩টায় তিনি ধানমন্ডি থানা নির্বাচন অফিসে গিয়ে আবেদন জমা দেবেন।

কিছুদিন আগে এক টকশোতে আসিফ মাহমুদ স্পষ্ট করেছেন, তিনি আগামী নির্বাচনে অংশগ্রহণ করবেন এবং ঢাকা থেকে ভোট করার পরিকল্পনা করছেন। এখন ঢাকায় ভোটার হয়ে গেলে, ঢাকা-১০ আসন থেকে তার নির্বাচনী যাত্রা আরও সুসংহত হবে।

বর্তমানে আসিফ মাহমুদ কুমিল্লা-৩ আসনের মুরাদনগর এলাকার ভোটার। ঢাকা-১০ আসনটি ধানমন্ডি, নিউমার্কেট, কলাবাগান ও হাজারীবাগ থানার আওতাভুক্ত। এই আসনের প্রার্থী হিসেবে জামায়াতে ইসলামী ইতিমধ্যে প্রার্থী ঘোষণা করেছে, তবে বিএনপি এখনও প্রার্থী নির্ধারণ করেনি।

LENS ASIA